



## অতীত থেকে শিক্ষা নিয়ে এগিয়ে যেতে হবে: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, দেশ সবার এবং অতীতের বিভাজন নয়, বরং অতীতের অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়েই ফ্যাসিবাদমুক্ত বাংলাদেশ গড়ে তোলার সুযোগ তৈরি হয়েছে। বুধবার (১০ জুন) সেনাকুঞ্জে আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবসের অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

প্রধানমন্ত্রী বলেন, জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের সদস্যদের আত্মত্যাগ শুধু দেশের জন্য নয়, বিশ্ব শান্তির পক্ষেও এক অনন্য উদাহরণ হয়ে থাকবে। তিনি সশস্ত্র বাহিনীকে দেশের আস্থা, সাহস ও মর্যাদার প্রতীক হিসেবেও উল্লেখ করেন।

তারেক রহমান বলেন, ২০০৯ সালে সশস্ত্র বাহিনীর ওপর বড় ধরনের আঘাত এসেছিল। অতীতের সেই অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে একটি শক্তিশালী ও সার্বভৌম রাষ্ট্র গঠনে সেনাবাহিনীকে আরও ভূমিকা রাখতে হবে। পাশাপাশি পরিবর্তিত বৈশ্বিক বাস্তবতায় প্রযুক্তিনির্ভর সক্ষমতা বাড়ানোর ওপরও গুরুত্বারোপ করেন তিনি।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শান্তিরক্ষা মিশনে শহীদ ছয় সদস্যের পরিবারের হাতে সম্মাননা তুলে দেন। এছাড়া আহত সাত সদস্যকেও সম্মাননা প্রদান করা হয়।

তিনি আরও বলেন, জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নারী সদস্যদের অংশগ্রহণ নতুন মাত্রা যোগ করেছে এবং ভবিষ্যতেও এ অংশগ্রহণ আরও বাড়বে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।